12

দৈনিক জনকণ্ঠ

তারিখ 12 JUL 1995
পৃষ্ঠা 2 কলাম 4

# মাদ্রাসা শিক্ষা বোর্ডের গাফিলতি ॥ মূল্যবান একটি শিক্ষা বছর নষ্ট হতে চলেছে এক ছাত্রের

**স্টাফ রিপোর্টার ॥** মাদ্রাসা শিক্ষা বোর্ডের গাফিলতি ও দায়িত্বহীন আচরণের কারণে মাদ্রাসা ছাত্র মুহাম্মদ জসীম উদ্দীনের একটি মূল্যবান শিক্ষাবছর নষ্ট হয়ে যেতে বসেছে। ১৯৯৪ সালে ফাজিল পরীক্ষায় অংশগ্রহণের পরও একটি পত্রের খাতা হারিয়ে যাওয়ায় বোর্ড কর্তৃপক্ষ তার ফল প্রকাশ স্থগিত রাখে। কিন্তু গত এক বছরে অনেক আবেদন-নিবেদনের পরও মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষ জসীম উদ্দীনের স্থগিত ফল প্রকাশ করেনি। এর ফলে সে কামিল পরীক্ষায় রেজিস্ট্রেশন করতে পারছে না এবং তার পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে। জসীম উদ্দীন ১৯৯৪ সালে চট্টগ্রামের চকরিয়া আনওয়ারুল উলুম সিনিয়র মাদ্রাসা থেকে ফাজিল পরীক্ষায় অংশ নেয়। সব ক'টি পত্রের পরীক্ষায় অংশ নেয়ার পরও বোর্ড কর্তৃপক্ষ তার পরীক্ষার ফল প্রকাশ স্থগিত রাখে। পরে জানা যায়, বোর্ড কর্তৃপক্ষ জসীম উদ্দীনের আরবী ৩য় পত্রের খাতা হারিয়ে ফেলায় ফল প্রকাশ স্থগিত রাখা হয়।